গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর

এবং

সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই,২০২০–৩০ জুন, ২০২১

সূচিপত্র

উপক্রমণিকা

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি

সংযোজনী ৩ :কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Performance Overview of the Directorate of Government Transport)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবন ও আদর্শ ভিত্তিক "বঙ্গবন্ধু" গ্যালারী ও ডিসপ্লে বোর্ড স্থাপন।
- ৫০ টি গাড়িতে ভেহিকেল ট্র্যাকিং সিস্টেম সংযোজন।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত জাতীয় কমিটির চাহিদা মোতাবেক যানবাহন সরবরাহ।
- পরিচালক কার্যালয়ের ভবনে ০১ টি লিফট এবং ০১ টি জেনারেটর স্থাপন।
- এ অধিদপ্তরের প্রতিটি গাড়িতে বর্জ্যঝুড়ি স্থাপন।
- সকল পর্যায়ের কর্মচারীদের বেতন বিল অন লাইনে দাখিল ও EFT এর মাধ্যমে প্রদান কার্যক্রম বাস্তবায়ন।
- কর্মচারীদের লাম্পগ্র্যান্ট, পেনশন, অবসর সুবিধা এবং জিপিএফ সুবিধা সহজীকরণ ।
- প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাদের জন্য ৩০ টি সিডান কার, ৩০ টি বিএমডব্লিউ কার, ইউএনওদের জন্য ১১৬ টি জীপ, ৫৭ টি ডাবল কেবিন পিক-আপ, ০৬ টি মাইক্রোবাস, ৯১ টি মোটরসাইকেল, ০২ টি মিনিবাস, ০২ টি লাশবাহী ফ্রিজিং ভ্যান ক্রয়।
- এ অধিদপ্তরাধীন ৯৪ টি ওবিএম ইঞ্জিন এবং ৫৩ টি স্পীডবোট ও কেবিনসুবিধাসহ কেবিন ক্রুজার ক্রয় ও বরাদ্দ প্রদান।
- মেরামত কারখানা ও জেলা পুল আধুনিকায়নের লক্ষ্যে ১.৫০ কোটি টাকার উন্নত প্রযুক্তির যন্ত্রপাতি ক্রয়।
- সরকারি যানবাহন মেরামত কারখানায় ১৫,৯০৫ টি গাড়ির মেজর ও মাইনর মেরামত ।
- বিভিন্ন পদের ১,৭০০ জন কর্মচারীকে প্রশিক্ষণ প্রদানসহ বিভিন্ন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ১৪৭ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান।
- আঞ্চলিক মোটরযান ও জলযান মেরামত কারখানা স্থাপনের জন্য জমি অধিগ্রহণের কার্যক্রম গ্রহণ।
- নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণের লক্ষ্যে ১১২ টি ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন ও সংস্কার ।
- উন্নয়ন কার্যক্রম প্রদর্শনের জন্য ১১ টি বিলবোর্ড স্থাপন।
- মেরামত কারখানার জায়গায় বহুতল ভবন নির্মাণের ভিত্তি প্রস্তর স্থাপন।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

(ক)সংস্কার প্রক্রিয়া গ্রহণ ও বাস্তবায়ন;

(খ) জনবলের স্বল্পতা ;

(গ) সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ

(ঘ) নিয়োগ প্রক্রিয়া সম্পন্নকরণ ;

(ঙ) যানবাহন মেরামতের আধুনিক যন্ত্রপাতি এবং প্রশিক্ষিত/উন্নত প্রযুক্তি জ্ঞানসম্পন্ন কারিগরি জনবলের অভাব ;

(চ) নিরবিচ্ছিন্ন ও মানসম্মত সেবা প্রদানের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ ;

(ছ) আধুনিক সুবিধা সম্পন্ন মেরামত কারখানা না থাকা ;

ভবিষ্যৎ পরিকল্পনা

- জনবলের স্বল্পতা দূরীকরণে যুগোপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়ন ও নিয়োগবিধি মোতাবেক নিয়োগ কার্যক্রম গ্রহণ;
- নিরবিচ্ছিন্ন ও মানসম্মত পরিবহন সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে মোটরযান/জলযান ক্রয়/সংগ্রহ;
- বিভিন্ন মন্ত্রণালয়ের চাহিদার পরিপ্রেক্ষিতে বিদেশী ডেলিগেটদের যানবাহন ও চালক সরবরাহকরণ ;
- দক্ষ জনবল তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;
- সরকারি যানবাহন মেরামত কারখানার স্থানে সর্বসাধারণের গাড়ি পার্কিং ও মটর মেকানিক ট্রেনিং সেন্টার এর সুবিধাসহ ওয়ার্কশপ ও অফিসের জন্য বহুতল ভবন নির্মাণ;
- জেলা পর্যায়ে গাড়ি পার্কিং ও মটর মেকানিক ট্রেনিং সেন্টার এর সুবিধাসহ ওয়ার্কশপ নির্মাণ;
- আঞ্চলিক পর্যায়ে জলযান পার্কিং , মেরামত এবং ট্রেনিং সেন্টার এর সুবিধাসহ ওয়ার্কশপ নির্মাণ;
- সরকারি যানবাহন মেরামত কারখানার গাড়ী মেরামতের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আধুনিকায়ন ;
- Digital Service Implementation Roadmap-2021 বাস্তবায়ন ;
- সুদমুক্ত গাড়ি ক্রয়ের প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের চালক সরবরাহের লক্ষ্যে বেসরকারি চালকদের তালিকা প্রণয়ন ;
- ই-মেইলে নথি নিস্পত্তির হার বৃদ্ধিকরণ ;
- ব্যবহার অনুপোযোগী মোটরযান/জলযান অকেজো ঘোষণাকরণ ও বিক্রির মাধ্যমে নিস্পত্তিকরণ ;
- পর্যায়ক্রমে সকল মোটরযানে ভেহিকেল ট্র্যাকার সংযোজন জোরদারকরণ;

২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমুহ

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সফল করার লক্ষ্যে পরিবহন সেবা প্রদান;
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর ডিজিটাল ডিসপ্লে প্রদর্শন;
- উপজেলা নির্বাহী কর্মকর্তাদের জন্য প্রতিস্থাপক হিসাবে ১০০ টি জীপ ক্রয়;
- জেলা ও উপজেলা প্রশাসনে ব্যবহারের জন্য ২০ টি জলযান (কেবিন ক্রুজার) ক্রয়;
- এ অধিদপ্তরে ব্যবহারের জন্য ০১ টি রেকার ক্রয় ;
- Digital Service Implementation Roadmap-2021 বাস্তবায়ন;
- মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী পদমর্যাদাসম্পন্ন ব্যক্তিবর্গ ও প্রাধিকারভুক্ত কর্মচারীদের ব্যবহারের জন্য ৫০ টি সিডান কার ক্রয় ;
- জেলা প্রশাসনের কর্মকর্তাদের ব্যবহারের জন্য প্রতিস্থাপক হিসেবে ৫০ টি জীপ ক্রয়;
- সরকারের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরি পদক্ষেপ গ্রহণ ;
- কর্মচারীর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে যুগোপযোগি প্রশিক্ষণ প্রদান।
- আধুনিক সুবিধাসম্পন্ন বহুতল কার পার্কিংসহ ওয়ার্কশপ ভবন নির্মাণ ।
- আঞ্চলিক পর্যায়ে জলযান পার্কিং, মেরামত এবং ট্রেনিং সেন্টারের সুবিধাসহ ওয়ার্কশপ নির্মাণ।
- জেলা পর্যায়ে গাড়ি পার্কিং ও মটর মেকানিক ট্রেনিং সেন্টারের সুবিধাসহ ওয়ার্কসপ নির্মাণ;
- পুরাতন গাড়ি সংরক্ষণ বা ডাম্পিং এর জন্য জমি সংগ্রহ;
- ই-ফাইলে নথি নিস্পত্তি বৃদ্ধিকরণ; এবং
- পর্যায়ক্রমে সকল মোটরযানে ভেহিকেল ট্র্যাকার সংযোজন;

উপক্রমণিকা (Preamble)

সরকারি যানবাহন অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর

এবং

সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০২০ সালের .... মাসের .... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

সেকশন ১

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১রূপকল্প (Vision)

জনপ্রশাসনের প্রত্যাশিত, আধুনিক, মানসম্মত ও টেকসই পরিবহন সেবা।

১.২ অভিলক্ষ্য (Mission)

সরকারের কেন্দ্রীয় ও মাঠ প্রশাসনের জন্য মানসম্মত যানবাহন সংগ্রহ ও সরবরাহ, সুষ্ঠু রক্ষণাবেক্ষণ, চালক পদায়ন, যানবাহন মেরামত কারখানার আধুনিকায়ন, প্রশিক্ষণ এবং উন্নত ব্যবস্থাপনার মাধ্যমে প্রত্যাশিত পরিবহন সেবা নিশ্চিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যমূহ (Strategic Objectives)

ক. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি।

খ. দ্রুত পরিবহন ও কারিগরি পরিসেবা প্রদান।

গ. যানবাহন মেরামত ও সার্ভিসিং এর মান উন্নয়ন।

১.৪ প্রধান কার্যাবলি (Functions)

- প্রাধিকারভুক্ত কর্মচারীদের ব্যবহারের জন্য চালকসহ মটরযান সরবরাহ ;
- সরকারের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন কমিশন/কমিটি/ট্রাইবুন্যাল এ মটরযান ও গাড়িচালক সরবরাহ;
- বিদেশী ডেলিগেটদের যাতায়াতের জন্য মটরযান ও গাড়িচালক সরবরাহ;
- মাঠ প্রশাসনে (বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার) যানবাহন (মোটরযান ও জলযান), চালক সরবরাহকরণ ও বাজেট প্রদান;
- সরকারি মোটরযান/জলযান মেরামত/রক্ষণাবেক্ষণ (বিভিন্ন সরকারি দপ্তর,পরিদপ্তর,সংস্থা, কর্পোরেশানসহ);
- সরকারি প্রতিষ্ঠানে মোটরযান/জলযান ক্রয় ও অকেজো ঘোষণায় কারিগরি সহায়তা প্রদান;
- গাড়িচালক, কারিগরি ও অন্যান্য কর্মচারীদের '' সচেতনতা ও দক্ষতা '' বৃদ্ধির লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান;
- সরকারি যানবাহনের প্রাধিকারভুক্ত কর্মচারীদের গাড়ি ব্যবহার সংক্রান্ত অনাপত্তি সনদ প্রদান; এবং
- মোটরযান/জলযান অকেজো ঘোষণাকরণ ও বিক্রয়/নিস্পত্তিকরণ।